দামুড়হুদা হাউলী ইউনিয়নে দুঃস্থদের মাঝে চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে গরিব, দুঃস্থ, অসহায় মানুষের মাঝে ১০ কেজি করে বিনামূল্যে চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ৯ টার সময় দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে, পরিষদ চত্বরে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ কর্মসূচির আওতায় বিনামূল্যে চাউল বিতরণ করা হয়।

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রতিটি গরিব অসহায় দুঃস্থ মানুষ যেন ভালোভাবে ঈদ উদযাপন করতে পারে সেজন্য সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সরকারি বিনামূল্যে ২৬শ ১৬ জন অসহায় দুঃস্থদের মাঝে ১০ কেজি করে চাউল বিতরণের শুভ উদ্বোধন করেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন ও হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। এসময় উপস্থিত ছিলেন ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল হান্নান, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুন, রহিমা খাতুনসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ভিজিএফের চাউল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি

করে চাউল বিতরন করা হয়। আজ বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে পরিষদ চত্বরে চাউল বিতরণ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন নিজে উপস্হিত থেকে চাউল বিতরনের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল চেয়ারম্যান-২ শহিদুল ইসলাম,, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব নাঈম হোসেন, শাহজামাল, আব্দুল হান্নান পটু, সেলিম উদ্দিনসহ সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ১ হাজার পরিবার মাঝে চাউল বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে ঝিনাইদহে ১ হাজার পরিবারের মাঝে চাউল বিতরণ শুরু করা হয়েছে।আজ মঙ্গলবার (১২ মার্চ) সকালে শহরের আরাপপুর মসজিদ পাড়া এলাকাতে সুফিয়া কাসেম ফাউন্ডেশনের পক্ষ থেকে এ চাউল বিতরণ করা হয়।

অনুষ্ঠানে অতিথি ছিলেন সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দীন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সুফিয়া কাশেম ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মঞ্জুর হাসান মাসুদ ও অর্ণব ইবনে হাসান।

নেক্সাস মোটরস এর অর্থায়নে সুফিয়া কাসেম ফাউন্ডেশনের উদ্যোগে শহরের পৌর এলাকার ৮ ও ৯ নং ওয়ার্ডসহ বিভিন্ন এলাকার ১ হাজার হতদরিদ্র মানুষের মাঝে খাদ্য সামগ্রী হিসাবে ২৫ কেজি করে চাউল বিতরণ করা হচ্ছে। আগামী এক সপ্তাহ এসব খাদ্য সামগ্রী বিতরণ করা হবে। এছাড়াও প্রতি ৩ মাস পরপর ফ্যামিলি কার্ড ধারী ১ হাজার হতদরিদ্র পরিবারের মাঝে ২৫ কেজি চাউল দেওয়া হয়। চাউল পেয়ে

সন্তুষ্টি প্রকাশ করেন হতদরিদ্র মানুষেরা।

দামুড়হুদায় হাউলীতে ভিজিএফের চাউল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল রোববার সকাল ৯ টার দিকে পরিষদ চত্বরে চাউল বিতরণ করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন নিজে উপস্থিত থেকে চাউল বিতরনের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব নাঈম হোসেন, ইউপি সদস্য শহিদুল ইসলাম, শাহজামাল, আব্দুল হান্নান পটু, সেলিম উদ্দিনসহ সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন। এসময় ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন করা হয়।

গাংনীতে জিআর প্রকল্পের চাউল বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলায় হতদরিদ্রের মাঝে জিআর(প্রাকৃতিক দুর্যোগ খরা ও অনাবৃষ্টি) প্রকল্পের বিশেষ বরাদ্দকৃত চাউল বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার দুপুর ১২ টায় গাংনী উপজেলার ভাটপাড়া আশ্রয়ন

প্রকল্পে ৯০টি পরিবারসহ বিভিন্ন গ্রামে দুস্থদের মাঝে চাউল বিতরণ করা হয়। গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, উপজেলা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, সাহারবাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, ইউনিয়ন ভূমি অফিসের কর্মকর্তা (তহশিলদার) নুরুল হুদা উপস্থিত ছিলেন।

পরে মটমুড়া ইউনিয়নের রাজাপুর গ্রামের ৭ জন তাঁত শিল্পীদের মাঝে জিয়ার প্রকল্পের চাল বিতরণ করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

প্রতিটি পরিবারের জন্য যার প্রকল্পের ৩০ কেজি করে চাউল প্রদান করা হয়। এ সময় সাজিয়া সিদ্দিকা সেতু জানান, আমার আবেদনের ভিত্তিতে প্রাপ্ত জিয়ার প্রকল্পের চাউল বিতরণ করা হয়েছে। এবং এ চাউল বিতরণ কাজ অব্যাহত রয়েছে। প্রথম দিনে ২৯৬ জনের মাঝে উক্ত প্রকল্পের চাউল বিতরণ করা হয়।
আসন্ন ইদুল আযহা উপলক্ষে চাউল পেয়ে আনন্দে উল্লাসিত হয়ে পড়েন উপকারভোগীরা।

গাংনীর মটমুড়া ইউনিয়ন পরিষদের ভিজিএফএর চাউল বিতরণ

গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদের অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে ভিজিএফএর চাউল বিতরন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে চাঊল বিতরণের উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে অসহায় মানুষের মাঝে সুষ্ঠ ও সমভাবে চাউল বিতরণের সময় উপস্থিত ছিলেন মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ। ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৭ হাজার ২৬জন উপকারভোগীদের মাঝে সরকারি এই খাদ্য সহায়তা ভিজিএফ বিতরণ করা হবে।

এসময় ইউপি সচিব, ট্যাগ অফিসার উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সহকারি শিক্ষা অফিসার আলাউদ্দীন আহম্মেদ, স্থানীয় ইউপি সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।